৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 08 APR 1997
পৃষ্ঠা: ১৮ কলাম ৫

# ১৭৫ থানা শিক্ষা অফিসার নিয়োগ

সরকার আগামী ১০ বছরের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূর করার লক্ষ্যে চলতি মাসের পাঁচ তারিখে বিদ্যমান শূন্যপদে এক শ' ৭৫ জন থানা শিক্ষা অফিসার নিয়োগ করেছে। আশা করা যায়, এ নিয়োগের ফলে দেশের প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে গতিশীলতা বৃদ্ধি পাবে। নিয়োগপ্রাপ্ত এ সকল কর্মকর্তার নিয়োগপত্র তাঁদের বর্তমান ঠিকানায় পাঠানো হয়েছে।

নির্দিষ্ট সময়ের মধ্যে স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশন সাপেক্ষে (যার যার ক্ষেত্রে প্রযোজ্য) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের কর্মস্থলে যোগদানের নির্দেশ দেয়া হয়েছে। যে সকল প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সমাপ্ত হয়েছে তাঁদেরকে আগামী ৩০ এপ্রিল তারিখে এবং যাঁদের পুলিশ ভেরিফিকেশন সমাপ্ত হয়নি তাঁদেরকে সন্তোষজনক পুলিশ প্রত্যায়ন পাবার পর আগামী ৩০ মে তারিখের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ দেয়া হয়েছে। তথ্য বিবরণী।